

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ০৬/০৩/২০২২ খ্রিঃ তারিখ, রোজ- রবিবার

সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষ।


সভাপতিঃ জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট- “ক”

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাপ্রবন্ধ করা হয়। সকলের উপস্থিতিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলার মুক্তিযোদ্ধা কমিটির সভায় নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ আলোচনার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন ধরনের সংশোধনী থাকলে উপস্থাপনের জন্য সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।	১। কোন ধরনের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি
২। মুক্তিযুদ্ধের সময়ে বধ্যভূমি হিসেবে ব্যবহৃত স্থান চিহ্নিতকরণ ও সংরক্ষণসংক্রান্ত আলোচনাঃ কমিটির সদস্য সচিব জানান যে, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় অতি সম্প্রতি ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে বধ্যভূমি হিসেবে ব্যবহৃত স্থান চিহ্নিতকরণের পাশাপাশি সংরক্ষণের জন্য উদ্যোগ গ্রহণ করেছেন। মোংলা উপজেলায় একটি বধ্যভূমি আছে। কিন্তু, এখানে কোন স্থাপনা নেই। এই বধ্যভূমিটি সংরক্ষণের জন্য উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। সদস্য সচিব আরও জানান যে, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় সম্প্রতি বধ্যভূমিটি সংরক্ষণের জন্য একটি প্রকল্প হাতে নিয়েছেন। উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	২। দীর্ঘ আলোচনা শেষে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় বধ্যভূমি হিসেবে ব্যবহৃত স্থানটির ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ উপজেলা কমিটিতে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	২। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।


০৬.০৬.২২

(মোঃ ইকবাল হোসেন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মোংলা, বাগেরহাট

ও

সভাপতি

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি

স্মারক নম্বরঃ ৪১.০১.০১৫৮.০০০.০২৮.১৮.৩৫


তারিখঃ ০৬/০৩/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।

৩। অফিস কপি।


০৬.০৬.২২

(এস.এম. মাসুদ রানা)

উপজেলা সমাজসেবা অফিসার

মোংলা, বাগেরহাট

ও

সদস্য সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি